

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ মাঘ ১৪২০/১২ ফেব্রুয়ারি ২০১৪

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৩.০৮৩—প্রধানমন্ত্রীর মুখ্যসচিব শেখ মোঃ ওয়াহিদ-উজ-জামান ০১ মার্চ ১৯৭৯ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩৫ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন। কর্মজীবনে তিনি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। বিশেষ করে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব থাকাকালে তিনি নদী ড্রেজিং কার্যক্রমে গভীর আগ্রহ ও কর্মদক্ষতার পরিচয় দিয়েছেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে তাঁর সেবা ও কর্তৃব্যপ্রায়ণতা প্রশংসনীয় দাবিদার। তাঁর সার্বক্ষণিক পরিবীক্ষণ সরকারের বিভিন্ন অগ্রাধিকার-কর্মসূচির দ্রুত বাস্তবায়নে সহায়ক হয়েছে। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য শেখ মোঃ ওয়াহিদ-উজ-জামানকে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ২৮ মাঘ ১৪২০/১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

২। শেখ মোঃ ওয়াহিদ-উজ-জামানকে ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ২৮ মাঘ ১৪২০/১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞ্জা
মন্ত্রিপরিষদ সচিব

(৫৪৩১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ২৮ মাঘ ১৪২০
১০ ফেব্রুয়ারি ২০১৪

প্রধানমন্ত্রীর মুখ্যসচিব শেখ মোঃ ওয়াহিদ-উজ-জামান ০১ মার্চ ১৯৭৯
তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায়
৩৫ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১১ ফেব্রুয়ারি ২০১৪
তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। কর্মজীবনে তিনি দক্ষতা ও
নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। বিশেষ করে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব
থাকাকালে তিনি নদী ড্রেজিং কার্যক্রমে গভীর আগ্রহ ও কর্মদক্ষতার পরিচয়
দিয়েছেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসনীয়
দাবিদার। তাঁর সার্বক্ষণিক পরিবীক্ষণ সরকারের বিভিন্ন অগাধিকার কর্মসূচির দ্রুত
বাস্তবায়নে সহায়ক হয়েছে। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য
মন্ত্রিসভা শেখ মোঃ ওয়াহিদ-উজ-জামানকে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ
কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।